

(প্রেস বিজ্ঞপ্তি)

১৫ ডিসেম্বর ২০২৩খ্রি.

জনস্রোতই প্রমাণ করে মহিউদ্দিন চৌধুরীর জনপ্রিয়তা: মেয়র রেজাউল

চট্টগ্রামের সাবেক মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরীর ৬ষ্ঠ মৃত্যুবার্ষিকীতে ফুলেল শ্রদ্ধা জানিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শুক্রবার সকালে মেয়রের নেতৃত্বে কাউন্সিলররা নগরীর চশমা হিলে মহিউদ্দিন চৌধুরীর কবর জেয়ারত করেন।

এসময় মেয়র রেজাউল বলেন, ৬ষ্ঠ মৃত্যুবার্ষিকীতেও জনতার চল প্রমাণ করে মহিউদ্দিন চৌধুরী আমৃত্যু জনগণকে নিয়ে, জনগণের স্বার্থে, গণমুখী রাজনীতি করেছেন। তিনি বীর মুক্তিযোদ্ধা হিসেবে সফল ছিলেন, রাজনীতিবিদ হিসেবে সফল ছিলেন, মেয়র হিসেবে সফল ছিলেন। রাজনীতি যেসব তরুণদের ধ্যান-জ্ঞান তাদের উচিত মহিউদ্দিন চৌধুরীর সংগ্রামী পথ অনুসরণ করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার লড়াইয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ঐক্যবদ্ধ হওয়া।

এসময় আরো উপস্থিত ছিলেন কাউন্সিলর মোহাম্মদ জাবেদ, হাসান মুরাদ বিপ্লব, আবদুস সালাম মাসুম, আবুল হাসনাত মো. বেলাল, গাজী মোঃ শফিউল আজিমসহ আওয়ামী লীগের নেতা-কর্মীবৃন্দ। মুনাজাত পরিচালনা করেন কলামিস্ট ড. মাসুম চৌধুরী।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮